



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নিয়োগপত্র

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৫.১৭.৮৩০

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৭
০১ সেপ্টেম্বর ২০২০

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার অপারেটর' এর শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত বেতনস্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	প্রার্থীর রোল নম্বর	নিজ জেলা	বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী (১৩তম গ্রেড)
১.	মোহাম্মদ সাহিদুর রহমান	১৩৩৫	নরসিংদী	টঃ ১১০০০-২৬৫৯০/-
২.	মোঃ রহমত উল্যাহ	১৫৪৮	নারায়ণগঞ্জ	টঃ ১১০০০-২৬৫৯০/-
৩.	মোঃ মিজানুর রহমান	১৩৮৮	শেরপুর	টঃ ১১০০০-২৬৫৯০/-
৪.	মোঃ মিরাজ উদ্দীন	১১১১	ঝিনাইদহ	টঃ ১১০০০-২৬৫৯০/-

নিয়োগের শর্তাবলী :

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশির মেয়াদকালে তার কর্ম ও আচরণ সন্তোষজনক নয়, কিংবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে তার চাকুরীর অবসান ঘটতে পারবেন;
- অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হবে, পদ স্থায়ীকরণের তারিখ হতে উক্ত পদে কর্মরত ব্যক্তির চাকুরী স্থায়ী হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;
- যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি, সকল শিক্ষা সনদ ও নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী চাকুরীতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অংগীকারাবদ্ধ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের অব্যাহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক যোগদান করতে হবে;
- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;
- চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

অঃ পুঃ দ্রঃ